
নিশ্চয় মানুষ সর্ব্বশ্রেষ্ঠ সম্মানিত জীব।
—কোরান

তওফিক—
জামালপুরের আশা আকাঙ্ক্ষার ডালা বহন করে।

তওফিকের জন্য এজেন্ট আবশ্যক।



Regd No. D A—139

সাপ্তাহিক

তওফিক

THE WEEKLY TOWFIQ

জামালপুর পাবলিকের শক্তিশালী মুখপত্র।

নিশ্চয় রছুলাল্লাহ তোমাদের শ্রেষ্ঠ আদর্শ।
—কোরান

তওফিক—
জামালপুরবাসীর অভাব অভিযোগের দাবী পেশ করে।

পুরাতন সংখ্যা ।০
বার্ষিক ৫৲ টাকা
সডাক।

জামালপুর ময়মনসিংহ।

সম্পাদক : [illegible]

সহ : সম্পাদক :
আলী এশরাক

৬ষ্ঠ বর্ষ ১৮০ সংখ্যা ৭২ ... সোমবার, : ২১শে মার্চ্চ, ১৯৫৫ সন মূল্য প্রতি সংখ্যা /৬ পয়সা

পূর্ব্ববঙ্গে পার্লামেন্টারী শা[illegible] ব্যবস্থা আরও কয়েক দিনের জন্য স্থগিত।

প্রধান মন্ত্রীর সদলবলে করাচী প্রত্যাবর্ত্তন বর্ত্তমান মাসের শেষের দিকে পার্লামেন্টারী শাসন ব্যবস্থার কায়েম হইবার আভাষ দান।

প্রধান মন্ত্রী জনাব মোহাম্মদ আলী রাষ্ট্র সচিব জেনারেল ইসকান্দর মীর্জ্জা, স্বাস্থ্য সচিব জনাব আবু হোসেন সরকার সহ বিগত ৫ দিন ঢাকায় অবস্থান করিয়া করাচী ফিরিয়া গেলেন।

তিনি সকল মহলের সহিত বর্ত্তমান পরিস্থিতি আলাপ আলোচনা করেন এবং তাঁহার আগমন আংশিক ভাবে সফল হইয়াছে বলেন। এই মাসের শেষের দিকে তিনি পুনরায় ঢাকায় আসিবেন এবং পার্লামেন্টারী শাসন প্রবর্ত্তনের ব্যবস্থা নাকি করিবেন বলিয়া প্রকাশ। পার্লামেন্টারী [illegible] ব্যবস্থা আরও কয়েকদিনের জন্য স্থগিত হওয়ায় সকলের দৃষ্টি এখন করাচীর দিকে নিবদ্ধ রহিল।

আগামী ১৭ই চৈত্র ইং ৩১ শে মার্চ্চ বৃহস্পতিবার অষ্টমী স্নান উপলক্ষে জামালপুরে বিরাট জনসমাগম ও স্নানার্থীর ভিড় হইবে।

সহরে ইতিমধ্যেই অনেক স্থানে বসন্তের প্রাদুর্ভাব এবং পেটের অসুখ দেখা যাইতেছে মিউনিসিপাল কর্তৃপক্ষ সেনিটারী বিভাগ পূর্ব্ব হৈতেই যথোপযুক্ত স্নান ঘাটের ব্যবস্থা পানীয় জলের ব্যবস্থা, পচা বাসী খাদ্য দ্রব্য নিষিদ্ধ করণ, স্নান যাত্রীর বিশ্রাম ব্যবস্থা ও সহর পরিস্কার অভিযান আরম্ভ করিয়া সতর্কতা মূলক ব্যবস্থাদী করা প্রয়োজন। এদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—

জামালপুর আশেক মামুদ কলেজ।

২১শে মার্চ্চ তারিখ আশেক মামুদ কলেজে প্রিন্সিপাল পদের ২ জন প্রার্থীর ইন্টারভিউ নেওয়ার কথা। দরখাস্তকারীদের ১ জন মাদারীপুর ডিগ্রী কলেজের প্রিন্সিপাল, অপর জন ধনবাড়ী আই, এ, কলেজের প্রিন্সিপাল।

কলেজের মঙ্গলের জন্য গভর্ণিং বডির তরফ হইতে জনাব এস-ডি-ও সাহেব সহরের নেতৃস্থানীয় সকলের যে প্রতি সহযোগীতার আহ্বান জানাইয়াছিলেন তাহাতে সকল মহল হইতেই কলেজের সর্ব্বপ্রকার উন্নতির মূলক কাজে অকুণ্ঠ সমর্থন পাওয়া যাইতেছে।

—

জামালপুর মিউনিসিপালিটী

[illegible] কয়েকদিন যাবৎ মিউনিসিপাল [illegible]ন সাহেব কমিশনারগণ সহ [illegible] কমিটীর কার্য্যে বিশেষ পরিশ্রম সহকারে দরখাস্ত সমূহ বিবেচনা করিতেছেন।

পেটোরা বাক্স হইতে আর কিছু বাহির না হইলে মিউনিসিপাল অডিট কার্য্য শেষ হইয়াছে [illegible] বলা যায়।

সংবাদে প্রকাশ যে চেয়ারম্যান সাহেব নাকি [illegible] টাউনে বাতির ব্যবস্থা করিতেছেন।

—

তওফিক সাহিত্য পাতা

"প" য়ের প্লাবন

পাতিলাদহ পরগণার প্রবল প্রতাপান্বিত ভূপতি প্রসন্নকুমারের পোষ্যপুত্র প্রদ্যোৎকুমার প্রৌঢ় বয়সেও অপুত্রক।

পারিবারিক পুরোহিত পূর্ণচন্দ্রের পরামর্শে পুত্রার্থী প্রদ্যোৎকুমার পদব্রজে প্রসিদ্ধ পানিহাটি পাঠশালার প্রধান পণ্ডিত পরশুরাম পরমানন্দকে প্রত্যুষে প্রণাম করিতে যাইতেন।

প্রিয় পরিচারক প্রতুলচন্দ্র পরামানিক প্রত্যহই প্রদ্যোৎকুমারের পাশে পণ্ডিতসমীপে উপস্থিত থাকিতেন।

প্রাচ্য বিদ্যাভূষণ প্রথিতযশা প্রখ্যাত পণ্ডিত প্রবরকে প্রতিদিন প্রবীন ভূপতি প্রার্থনান্তে প্রনামী বাবদ পঞ্চাশ টাকা প্রদান করিতেন।

পরমা সুন্দরী পতিপ্রাণাগতা পত্নী প্রমিলা সুন্দরীরও পুত্র কামনায় প্রাত্যহিক পুজা পার্ব্বনের পরিসীমা ছিল না।

প্রায় পঞ্চবিংশতি বৎসর প্রতিদিন প্রথামত প্রনামী ও পুরস্কারাদী প্রদান ও প্রাতিনিয়ত পুজা পার্ব্বনাদী করিয়াও পতি পত্নীর পুত্রাকাঙ্খা পরিপুর্ণ না হওয়ায় পরিশেষে প্রবীরেন্দ্রকে পোষ্যপুত্ররূপে তাহারা পরিগ্রহণ করিলেন।

এই প্রবীরেন্দ্র মোহনের বয়প্রাপ্তির পর পরগণায় প্রত্যক্ষ হস্তক্ষেপের প্রাথমিক পর্য্যায়েই পুর্ব পাকিস্তানের প্রাদেশিক সরকার প্রচলিত জমিদারী প্রথা বিলুপ্ত করিলে "প" আদ্যাক্ষরযুক্ত প্রাচীন পরিবারের পাকিস্তানস্থ ভূসম্পত্তির পরিসমাপ্তি ঘটে।

Adriatic পার হলাম। গ্রীসের উপকুল দিয়ে Venice সহর দেখতে পেলাম, এটা খুব বড় ও সুন্দর সহর মনে হলো। তারপর সুন্দর Italy পার হয়ে সুইজারল্যাণ্ড এ প্রচুর মেঘের জন্য কিছুই দেখিতে পেলামনা, কিন্তু কালো পাহাড় এবং তার ফাকে উপত্যকায় ছোট ২ সহরগুলি এবং আলপস পর্ব্বতের তুষার ধবল চূড়া এবং মেঘের উচা নিচা তুলার পাজার মত আকৃতি ভুলবার নয়। France পার হলাম কতকটি মেঘের উপর দিয়ে তবে মাঝে ২ যা দেখলাম তাতে বেশ সুন্দর সাজান সহর এবং খুব সোজা লম্বা রাস্তা ভাল লাগল। ইংলিশ চ্যানেল ১০ মিনিটে পার হয়ে সেই London এ পৌছলাম। আজ এই পর্য্যন্ত তারপর পরে জানাব। আরজ ইতি—

স্নেহের

শিবলী

বসন্ত

মোহাম্মদ আব্দুল লতিফ
(সরকারী বিদ্যালয়)

এলো আজি বসন্ত
পুষ্প সৌরভ বহে মধুর বায়,
বসন্ত দূত 'কুহু কুহু' রবে,
ডাকিছে শাখায় শাখায়।
সবুজ বন পেলো নব প্রাণ
ঝরে শুষ্কপত্র গজায় নূতন,
কাপে কচি কিশলয়
বহে প্রভাতের মৃদু সমীরণ;
কুঞ্জে কুঞ্জে পাখীর গান
শুনি উদাস হয় প্রাণ
সুন্দর প্রকৃতির; সুন্দর জীবন
এলো স্রষ্টার মহাদান।
মানব হৃদয় পেয়েছে আজি
নব আনন্দ বান,
জীবের জীবনে এসেছে জোয়ার
ধ্বনিছে আনন্দ নিনাদ।
তরুণ আজি নবীন প্রাণে
সবাই মেতে উঠে;
সবল সজীব জীবন নিয়ে
নব কর্মে ছুটে।

সাজিয়ে তোল

আব্দুল্লাহ আল্ আমীন
দশম শ্রেনী

ভয় করিস কাকে? ওরে মোসলেম
তুই নারে শ্রেষ্ঠ নায়ক দল;
সাজিয়ে তোল তোর ভগ্ন সমাজ
নাই কিরে তোর হৃদয় বল?
নস্ কিরে তোরা সিংহের শাবক,
নাই কি তোদের মনে আর?
শিরায় শিরায় স্পন্দন জাগিত
কর্মের আহ্বান শুনিলে যার।
জ্ঞানের সাগর ছুটছে আজি
শুধু গেয়ে যার আহ্বান গীতি,
সাজিয়ে তোল আজ নূতন জীবন
জ্ঞানের আলোকে করিয়া স্থিতি।

লণ্ডনের চিঠি



(শিবলী)

লণ্ডন
* * * * * ১৭।১২।৫৪
রাত্রি এগারটায়

Airport থেকে আমার সঙ্গী খান মোহাম্মদ আহছান খান, ইউছুফ জাইএর সহিত Custom office এর 'এতে কি আছে' জবাব দিয়া সেই P.I.A. তে চড়লাম। অবশ্য এখন এটা Chartered অর্থাৎ শুধু Govt officers দের জন্য। কেহ ইংলণ্ড বাসী ছুটিতে সপরিবারে বাড়ী যাচ্ছে, কেহ কোন Course নিয়ে যাচ্ছে বা কেহ Trainee যেমন আমরা

আমার Course এর একজনই ছিল। বাকী ৩ জনপূর্ব্বেই চলিয়া আসিয়াছে খান ইউছুফ জাইকে করাচী Airport এ বিদায় দিবার জন্য তার মা, বাবা, ও চাচা এবং আরো দুইজন আত্মীয় আসিয়াছিলেন। বাবা বৃদ্ধ এবং Retired officer খুব ভদ্র নম্র বলে মনে হলো। তাঁর মা খুব খোদা ভক্ত ও মুছুল্লি মেয়ে বোঝা গেল। বোরখা পড়িয়া এসেছিলেন। সর্ব্বক্ষণ মাঝে মাঝে ফু দিতে ছিলেন, এবং বলছিলেন আমাকে যে 'জিতে রহো বেটা, তোম্ দুনো ভাই বনকে রহো' এবং আমার পিঠ হাতাইয়া দিচ্ছিলেন। আহছান ছেলেটিও ভদ্র ফর্শা লম্বা। B.Sc. final এ ছিল

রাত্রে আরব সাগর এবং আরব মরুভূমি পার হয়ে কায়রোতে করাচী সময় ৮টার পৌছলাম। অবশ্য আশ্চর্য্য তখন সেখানে অন্ধকার। প্লেন থেকে নেমে ডিনারের জন্য Airport Caffe তে বসে বিশ্রাম নিলাম।

* * *

তারপর অনেকক্ষন একটানা Mediterinian